চুয়াডাঙ্গায় সাবেক ছাত্রলীগ নেতাকে পিটিয়ে জখম, চিকিৎসা শেষে গ্রেপ্তার

চুয়াডাঙ্গা সরকারি কলেজের সামনে রাশেদ নঈম রহমান জামি (৩৮) নামের এক সাবেক ছাত্রলীগ নেতাকে পিটিয়ে জখম করার ঘটনা ঘটেছে।

মঙ্গলবার (১০ নভেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে এ হামলার ঘটনা ঘটে। পরে হাসপাতালে চিকিৎসা নেওয়ার পর নাশকতার অভিযোগে তাঁকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আহত রাশেদ নঈম রহমান জামি চুয়াডাঙ্গা পৌর এলাকার সিনেমা হলপাড়ার বাসিন্দা মাহাবুব আলম টুটুর ছেলে। তিনি চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক তথ্য ও গবেষণা সম্পাদক।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে জামি চুয়াডাঙ্গা সরকারি কলেজের সামনে অবস্থান করছিলেন। এ সময় একদল দুর্বৃত্ত অতর্কিতভাবে তাঁর ওপর হামলা চালিয়ে মারধর করে। এতে তিনি রক্তাক্ত জখম হন। খবর পেয়ে পরিবারের সদস্যরা তাঁকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান।

হাসপাতালের জরুরি বিভাগে প্রাথমিক চিকিৎসা নেওয়ার পরপরই চুয়াডাঙ্গা সদর থানা-পুলিশের একটি দল হাসপাতাল চত্বর থেকে তাঁকে আটক করে।

চুয়াডাঙ্গা সদর থানা-পুলিশ জানায়, নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ডাকা কর্মসূচিকে কেন্দ্র করে নাশকতার অভিযোগে রাশেদ নঈম রহমান জামিকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

চুয়াডাঙ্গায় জাতীয় সমবায় ও পরিসংখ্যান দিবসে নানা কর্মসূচি

চুয়াডাঙ্গায় ৫৫তম জাতীয় সমবায় দিবস, মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভা, জাতীয় পরিসংখ্যান দিবস ও অন্যান্য সরকারি কার্যক্রম উপলক্ষে রবিবার দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে জেলা প্রশাসক লুৎফুন নাহারের সভাপতিত্বে মাসিক আইনশৃঙ্খলা কমিটিসহ বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, অপরাধ নিয়ন্ত্রণ, মাদকদ্রব্যের অপব্যবহার ও পাচার প্রতিরোধ, জননিরাপত্তা নিশ্চিতকরণ এবং জেলার উন্নয়ন ও জনস্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

সভায় পুলিশ সুপার মেহেদী শাহরিয়ার উপস্থিত থেকে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, অপরাধ দমন এবং মাদকবিরোধী কার্যক্রম জোরদারে জেলা পুলিশের গৃহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। তিনি আইনশৃঙ্খলা রক্ষায় সংশ্লিষ্ট সব দপ্তরের সমন্বিত উদ্যোগ ও সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন।

জাতীয় পরিসংখ্যান দিবস উপলক্ষে ‘নির্ভরযোগ্য ও সহজলভ্য পরিসংখ্যান টেকসই উন্নয়ন ও পরিকল্পনার ভিত্তি’ প্রতিপাদ্যে বেলা ১২টায় জেলা প্রশাসন ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক লুৎফুন নাহারের সভাপতিত্বে সভায় নির্ভরযোগ্য পরিসংখ্যানের গুরুত্ব, তথ্যভিত্তিক পরিকল্পনা প্রণয়ন এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পরিসংখ্যানের কার্যকর ব্যবহার নিয়ে আলোচনা করা হয়।

এদিকে ৫৫তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে দুপুর ১টায় চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য র্যালি ও সমবায় মেলার উদ্বোধন করা হয়। দিবসটি উপলক্ষে আয়োজিত কর্মসূচিতে সমবায়ের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়ন, আত্মকর্মসংস্থান সৃষ্টি, উদ্যোক্তা তৈরি এবং সমবায়ভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারণের গুরুত্ব তুলে ধরা হয়।

দিনব্যাপী এসব কর্মসূচিতে পুলিশ সুপার মেহেদী শাহরিয়ারসহ জেলা পুলিশ ও জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ৫৫তম জাতীয় সমবায় দিবস উদযাপন

“করবো সমবায়,গড়বো দেশ সবার জন্য বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় ৫৫ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে র্যলি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।আজ রবিবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে সমবায় অফিসের সামনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির সূচনা শুরু হয়।পরবর্তীতে র্যালি শেষে উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার হারুন-অর-রশীদের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও লাভলী ইয়াসমিন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সাজ্জাদ হোসেন,উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, কৃষি কর্মকর্তা কৃষ্ণা সরকার, সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, দর্শনা থানা বিএনপির সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত,দামুড়হুদা থানা জামায়াতের আমির নায়েব আলী, উপজেলা মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চুসহ উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সভাপতি/ সাধারণ সম্পাদক ও উদ্যোক্তাবৃন্দ।

আলোচনা সভায় বক্তারা সমবায় সমিতির তাৎপর্য তুলে ধরে বলেন “দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ!” শিল্প বিপ্লবের সময় যখন কৃষি ব্যবস্থায় ধ্বস নেমেছিল তখন থেকেই সমবায়ের ধারণা শুরু হয়। সমবায়ের মাধ্যমে বিশ্বব্যাপী যুগে যুগে মানুষ আর্থিক মুক্তি লাভ

করে নিজেকে প্রতিষ্টিত করেছে। সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে আর্থিক ও সামাজিক মুক্তি লাভের জন্য যেকোনো কাজের উদ্যোগ নিয়ে সংগঠন গঠন করে স্বচ্ছ ভাবে পরিচালনা করলে সফলতা মিলবে।

এবার উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতিদের মাঝে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার ও ক্রেস্ট প্রদান করা হয়।

চুয়াডাঙ্গায় ব্যানারে জিয়াউর রহমানের ছবি না থাকায় অনুষ্ঠান বর্জন বিএনপি

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে বিপ্লব ও সংহতি দিবসের অনুষ্ঠানের ব্যানারে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছবি না থাকায় ক্ষোভ ও প্রতিবাদ জানিয়েছে বিএনপির নেতাকর্মীরা।

শনিবার (৭ নভেম্বর) বেলা ১২টায় ডিসি সাহিত্য মঞ্চে চলমান আলোচনা সভাস্থলে গিয়ে স্লোগান দিয়ে ক্ষোভ প্রকাশ করেন তারা। এসময় জেলা প্রশাসনের অনুষ্ঠান বর্জনের ঘোষনা দেয় জেলা বিএনপি। পরে বিষয়টি নিয়ে দুঃখপ্রকাশ করেন জেলা প্রশাসক।

জানা গেছে, ডিসি সাহিত্য মঞ্চে শনিবার সকাল থেকে শুরু হওয়া অনুষ্ঠানে একে একে বক্তব্য দেন অতিথিরা। সবশেষ প্রধান অতিথির বক্তব্য দেন জেলা প্রশাসক লুৎফুন নাহার। বক্তব্য শেষ হওয়ার পরই সভাস্থলে পৌঁছে স্লোগান দিতে থাকে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। এক পর্যায়ে ব্যানারে ছবি না থাকায় জেলা প্রশাসকের কাছে জবাব চান তারা। পরে অনুষ্ঠান বর্জনের ঘোষণা দেন নেতাকর্মীরা। এরপর পুরস্কার বিতরণের পর অনুষ্ঠানের সমাপনী ঘোষণা করা হয়।

এরপর জেলা প্রশাসক কার্যালয় চত্বরে কিছুক্ষণ অবস্থান নেন নেতাকর্মীরা। তখনও স্লোগান দিতে থাকেন তারা। এসময় জেলা জাসাসের সাধারন সম্পাদক সেলিমুল হাবীব বলেন, শুধু ব্যানারের ছবি দেয়নি

এমন না, বরং অনুষ্ঠান সঞ্চালনা করেছেন বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের সাধারন সম্পাদক হিরন উর রশীদ শান্ত। প্রশাসনের এমন বিতর্কিত কর্মকান্ড আমাদেরকে ভাবিয়ে তুলছে।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সফিকুল ইসলাম পিটু বলেন, একটি রাষ্ট্রীয় অনুষ্ঠানে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছবি না থাকার বিষয়টি মেনে নেয়া যায় না। আমরা ডিসির কাছে জানতে চেয়েছি সন্তোষজনক উত্তর পাইনি। তাই অনুষ্ঠান বর্জনের ঘোষণা দিয়েছি।

এদিকে এই পরিস্থিতির পরপরই মঞ্চে উঠে দ্বিতীয় দফায় বক্তব্য দেন জেলা প্রশাসক লুৎফুন নাহার। দুঃখ প্রকাশ করে তিনি বলেন, অনুষ্ঠানের জন্য নির্ধারিত বাজেট নেই। এজন্য ছবি সাজানোর ইচ্ছা থাকলেও পারিনি। এছাড়া প্রধানমন্ত্রীও ছবি ব্যবহারে নিরুৎসাহিত করেন। তবে বিষয়টি ভুল হয়েছে

দামুড়হুদার জয়রামপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ে ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৭ নভেম্বর) বেলা ১১টায় বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুনছুর আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন বিদ্যালয়ের সভাপতি জাহাঙ্গীর আলম।

অনুষ্ঠানে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রাজনৈতিক জীবন, দেশপ্রেম, কর্মময় জীবন ও মহান মুক্তিযুদ্ধে তাঁর অবদান তুলে ধরে আলোচনা করা হয়। এ উপলক্ষে ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিক্ষার্থীদের

অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিস আক্তার, সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক ও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য আব্দুল আলিম মাস্টার। এ ছাড়া স্থানীয় বিএনপির নেতাকর্মী, সাংবাদিক, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা ঐতিহাসিক ৭ নভেম্বরের তাৎপর্য তুলে ধরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শৈশব, কৈশোর, কর্মজীবন, দেশপ্রেম, মুক্তিযুদ্ধে অবদান এবং তাঁর আদর্শ ও জীবনদর্শন নিয়ে আলোচনা করেন। শিক্ষার্থীদের মধ্যে দেশপ্রেম, নৈতিকতা, শৃঙ্খলাবোধ ও মানবিক মূল্যবোধ গড়ে তুলতে এ ধরনের আয়োজনের গুরুত্ব তুলে ধরেন তাঁরা।

অনুষ্ঠানের শেষ পর্বে রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক শহিদুল ইসলাম।

আজ মঙ্গলবার চুয়াডাঙ্গার ভান্ডারদহে আসছেন শাইখ আব্দুর রাজ্জাক বিন ইউসুফ

চুয়াডাঙ্গা সদর উপজেলার শঙ্করচন্দ্র ইউনিয়নের ভান্ডারদহ গ্রামে আজ মঙ্গলবার অনুষ্ঠিত হতে যাচ্ছে ধর্মীয় মাহফিল। এতে প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট ইসলামি আলোচক শাইখ আব্দুর রাজ্জাক বিন ইউসুফ। মাহফিলকে কেন্দ্র করে ইতোমধ্যে মাঠ প্রস্তুতসহ প্রয়োজনীয় আয়োজন সম্পন্ন করেছে কর্তৃপক্ষ।

শাইখ আব্দুর রাজ্জাক বিন ইউসুফ আল-জামি’আহ আস-সালাফিয়্যাহ, বাংলাদেশের মহাপরিচালক এবং রাজশাহীর নওদাপাড়ায় অবস্থিত আল-

মারকাযুল ইসলামী আস-সালাফীর মুহাদ্দিস হিসেবে দায়িত্ব পালন করছেন।

মাহফিলে দ্বিতীয় বক্তা হিসেবে আলোচনা করবেন বিশিষ্ট চিন্তাবিদ, তরুণ লেখক ও গবেষক মাওলানা মোহাম্মদ আল-আমিন। তিনি কুষ্টিয়ার মিরপুর উপজেলার হালসা আলিয়া মাদ্রাসার আরবি প্রভাষক।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. শরীফুজ্জামান শরীফ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট ব্যবসায়ী মো. আমিনুজ্জামান মিয়া। বিশেষ অতিথি হিসেবে থাকবেন মো. হবিবার বিশ্বাস।

এছাড়া বিশেষ আকর্ষণ হিসেবে থাকবে চুয়াডাঙ্গার তারুণ্য শিল্পগোষ্ঠীর পরিবেশনা। ভান্ডারদহ জামে মসজিদের সভাপতি ও স্থানীয় এলাকাবাসীর উদ্যোগে এ মাহফিলের আয়োজন করা হয়েছে।

ছেলের এইচএসসি ফল প্রকাশের পর পদ হারালেন চুয়াডাঙ্গা ছাত্রদল সভাপতি

ছেলের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার খবর প্রকাশের পর পদ হারিয়েছেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সভাপতি শাহজাহান খান। গত শনিবার এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের পর বিভিন্ন গণমাধ্যমে এ নিয়ে সংবাদ প্রকাশিত হলে বিষয়টি আলোচনায় আসে।

এর মধ্যে একটি অনলাইন গণমাধ্যমের সাংবাদিকের সঙ্গে শাহজাহান খানের কথোপকথনের একটি রেকর্ড সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। সেখানে ছাত্রদলে তাঁর পদে থাকা, বিবাহিত হওয়া এবং সন্তানের বিষয়ে সাংবাদিকের প্রশ্নের জবাব দেন তিনি। একপর্যায়ে সাংবাদিককে তিনি প্রশ্ন করেন, ‘মানুষ কি বিয়েশাদি করবে না, বাচ্চাকাচ্চা হবে না?’

এদিকে, ছেলের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার খবর প্রকাশের

পরদিন রোববার চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের কমিটি বিলুপ্ত ঘোষণা করে কেন্দ্রীয় সংসদ। একই সঙ্গে বিলুপ্ত করা হয় মেহেরপুর জেলা ছাত্রদলের কমিটিও। তবে কেন্দ্রীয় ছাত্রদলের বিবৃতিতে কমিটি বিলুপ্তির কারণ হিসেবে মেয়াদোত্তীর্ণ হওয়ার কথা উল্লেখ করা হয়েছে।

গতকাল রোববার ছাত্রদলের দপ্তর সম্পাদক (সহসভাপতি পদমর্যাদা) মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্ত অনুযায়ী, মেয়াদোত্তীর্ণ হওয়ায় চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা শাখার কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। শিগগিরই এসব ইউনিটের নতুন কমিটি ঘোষণা করা হবে।

ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এ সিদ্ধান্ত অনুমোদন করেছেন বলে বিবৃতিতে জানানো হয়।

দামুড়হুদায় নানা কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় যুব দিবস উদযাপন

‘দক্ষ যুব গড়বে দেশ, সবার জন্য বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় নানা কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় যুব দিবস-২০২৬ উদযাপন করা হয়েছে।

রোববার উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তর, দামুড়হুদার আয়োজনে দিবসটি উপলক্ষে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান, ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক হ্যান্ডবিল বিতরণ, যুব র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সকালে উপজেলা পরিষদ চত্বরে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক হ্যান্ডবিল বিতরণের মধ্য দিয়ে দিবসের

কর্মসূচি শুরু হয়। পরে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য যুব র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য মো. রুহুল আমিন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তিলাওয়াত করেন উপজেলা মডেল মসজিদের ঈমাম হাফেজ মাওঃ মামুনুর রশীদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মো. আসাদুজ্জামান।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপী, উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, দর্শনা বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, উপজেলা জামায়াতে ইসলামীর আমির নায়েব আলী, সেক্রেটারি আবেদ উদ দৌলা টিটনসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, যুব সংগঠক, সফল আত্মকর্মী, উদ্যোক্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

আলোচনা সভায় বক্তারা বলেন, দেশের উন্নয়ন ও অগ্রগতিতে যুবসমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বেকারত্ব দূরীকরণ, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে যুবকদের প্রশিক্ষণ ও কর্মমুখী উদ্যোগ গ্রহণ করতে হবে। তরুণদের মেধা, শ্রম ও সৃজনশীলতাকে কাজে লাগাতে পারলে একটি সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব।

সভায় সফল আত্মকর্মী, উদ্যোক্তা ও যুব সংগঠকেরা নিজেদের অভিজ্ঞতা তুলে ধরে বক্তব্য দেন। অনুষ্ঠানের শেষপর্বে যুবকদের মধ্যে যুবঋণের চেক, সনদপত্র ও ক্রেস্ট বিতরণ করা হয়।

লংমার্চের নামে গাড়িমার্চ করছে

লংমার্চের নামে ১১ দলীয় ঐক্য জোট গাড়িমার্চ করছে বলে মন্তব্য করেছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী নিতাই রায় চৌধুরী।

শনিবার(৩১ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে চুয়াডাঙ্গা সার্কিট হাউজে জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও সাংস্কৃতিক কর্মীদের সাথে মতবিনিময় সভার শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রী বলেন, ‘লংমার্চের ইতিহাস হচ্ছে- লংমার্চ পায়ে হেঁটে করতে হয়। কিন্তু তারা যেটা করছে সেটাকে গাড়ি মার্চ বলে। এই গাড়ি মার্চের মাধ্যমেই তারা তাদের কথা বলবে, মানুষ শুনবে। এগুলো নিয়ে আমাদের মন্তব্য নেই। এটি তাদের ব্যাপার। আমরা চাই একটা দেশে যাদের রাজনীতি করার অধিকার আছে, তারা রাজনীতি করুক।’

মতবিনিময় সভায় জেলার মাদক, চোরাচালান, বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রবণতা রোধ করার পদ্ধতি নিয়ে আলোচনা করে জেলার কর্মকর্তাদের সাথে। এসময় জেলায় আইনশৃঙ্খলাবাহিনীর আরও কঠোর ভাবে দায়িত্ব পালনের আদেশ দেন।

বর্তমান আইনশৃঙ্খলা প্রসঙ্গে নিতাই রায় চৌধুরী বলেন, `দেশের আইনশৃঙ্খলা ধীরে ঠিক হচ্ছে। আসা করছি চুয়াডাঙ্গাতেও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হবে। এজন্য পুলিশ প্রশাসনসহ সকলকে কাজ করতে হবে। তাহলে আইনশৃঙ্খলা পরিস্থিতি সবসময় স্বাভাবিক থাকবে।’

এসময় সভায় উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক লুৎফুন নাহার, পুলিশ সুপার মেহেদী শাহরিয়ার ও জেলা পরিষদের প্রশাসক শরীফুজ্জামান, প্রমুখ। পরে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে সপ্তাহব্যাপী নজরুল উৎসবের সমাপনী অনুষ্ঠানে অংশ নেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী।

দর্শনার ধান্যঘরায় গলায় খাবার আটকে বৃদ্ধের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামে গলায় খাবার আটকে নজরুল ইসলাম ওরফে নওশাদ আলী শাহ (৬৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

শনিবার (৩১ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে এ ঘটনা ঘটে। নিহত নজরুল ইসলাম ওই গ্রামের মৃত রওশন আলী শাহের ছেলে।

নিহতের পরিবার ও এলাকাবাসী সূত্রে জানা যায়, শনিবার সকালে নিজ বাড়িতে খাবার খাওয়ার সময় হঠাৎ তাঁর গলায় ভাত আটকে যায়। এতে তিনি অসুস্থ হয়ে পড়েন। পরে পরিবারের সদস্যরা তাঁকে দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়।

নিহতের ছেলে সাইদুল ইসলাম জানান, প্রতিদিনের মতো শনিবার সকালে তাঁর বাবা বাড়িতে ভাত খাচ্ছিলেন। এ সময় গলায় ভাত আটকে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। পরে হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম জানান, তিনি ঘটনাটি শুনেছেন।